



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/ ময়মনসিংহ-২২১/ ৩০২০/১৮

তারিখঃ ১৯/০৯/২০১৮খ্রিঃ


বিষয় : পদত্যাগ জনিত কারণে ম্যানেজিং কমিটির সভাপতি পুনরায় মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন মাহমুদাবাদ বালিকা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ মছিহুজ্জামান বার্ষিক্যজনিত ও শারীরিক অসুস্থতাজনিত কারণে প্রতিষ্ঠানের দায়িত্ব পালন করতে না পাড়ায় স্বেচ্ছায় পদত্যাগপত্র দাখিল করেছেন। মাদ্রাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য সভাপতির পদত্যাগপত্র ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন।

২) দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে নির্বাচন পরিচালনাকারী প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে বীরমুক্তিযোদ্ধা মোঃ সাহিদুজ্জামান, পিতা- মৃত মুনসুর উদ্দীনকে সভাপতি হিসাবে নির্বাচন করে সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ১৫/০৬/২০১৭খ্রিঃ তারিখের নং-বামাশিবো/ প্রশা/২৫২৫/৪/নথি নং-ময়মনসিংহ-২২১ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি পদ হতে জনাব মোঃ মছিহুজ্জামানকে অব্যহতি প্রদান করা হলো। এতদসঙ্গে ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য বীরমুক্তিযোদ্ধা মোঃ সাহিদুজ্জামান, পিতা- মৃত মুনসুর উদ্দীনকে সভাপতি পদে মনোনয়ন প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


26.9.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

✓ প্রাপকঃ সুপার, মাহমুদাবাদ বালিকা দাখিল মাদ্রাসা
ডাকঘর- বীরখারুয়া, গফরগাঁও, ময়মনসিংহ।

নং- বামাশিবো/প্রশাসন/ ময়মনসিংহ-২২১/

তারিখঃ /০৯/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
৪. ম্যানেজার, সোনালী/রূপালী/জনতা/অগণী ব্যাংক লিমিটেড,শাখা, গফরগাঁও, ময়মনসিংহ।
৫. জনাব মোঃ মছিহুজ্জামান, সভাপতি (অব্যাহতি প্রাপ্ত), মাহমুদাবাদ বালিকা দাখিল মাদ্রাসা, ডাকঘর- বীরখারুয়া, গফরগাঁও, ময়মনসিংহ।
৬. বীরমুক্তিযোদ্ধা মোঃ সাহিদুজ্জামান, পিতা- মৃত মুনসুর উদ্দীন, গ্রাম: ও ডাকঘর- বীরখারুয়া, গফরগাঁও, ময়মনসিংহ।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪